1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रूपये ONE THOUSAND RUPEES

MV– 222000/–

Admissible under Regn. Rule-■ also u/s 14 ... /BLR Act 1886 duly Stamped/ exempt from Stamp duty/does not ... duty under Indian Stamp Act 1899 Sec. LA. 3374 Fees Paid Rs. ......... P. Fee Rs. 10 ......... in C.F.R.

A. D. S. R. SEORAPHULI HOOGHLY

02 MAY 2003

বাংলা মাপে ১ কাঠা ৮ ছটাক বা সেটেলমেন্ট মাপ দৃষ্টান্তে .০২৫ সহস্রাংশ বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি সহ সম্পত্তির শুভ দানপত্র দলিল। দানকৃত সম্পত্তির আনুমানিক বাজার মূল্য ২,00,000্ দুইলক্ষ টাকা।

---

গৃহীতা :-

শ্রী দিলীপ কুমার ঘোষ পিতা – যতীন্দ্র নাথ ঘোষ, জাতি হিন্দু, পেশা– অবসরপ্রাপ্ত, সাকিম ২নং বঙ্গশ্রী পল্লী, থানা ভদ্রেশ্বর, জেলা হুগলী।

দাতা :-

শ্রীমতী নিভা দেব বর্ম্মন স্বামী শ্রী মানস দেব বর্ম্মন, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিম কর্নেল হাউস, কৃষ্ণনগর, থানা ও জেলা আগরতলা, ত্রিপুরা।

(২য়পাতায়)

10 Rs.

दस रूपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू. TEN RUPEES 10RS.

( ২ )

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা হুগলী, মহকুমা ও এ্যাডিশনাল ডি: সাব রেজেষ্ট্রি অফিস চন্দননগর থানা ভদ্রেশ্বরের সামিল চাঁপদানী মিউনিসিপ্যালিটি এলাকা ভুক্ত জে এল ২১ নং গৌরহাটি চাঁপদানী মৌজার নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি ও অপরাপর সম্পত্তি যাহা আমার মাতা শ্রীমতী ঊষারানী ঘোষ মহাশয়া বিগত ইংরাজী ১৯৬৬ সালে শ্রীরামপুর সাব রেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রিকৃত ১নং বহির ৯০ নং ভলুমে ৫৯ নং হইতে ৬২ নং পৃষ্ঠায় লিপিবদধ ৬৮৫১ নম্বর সাফ বিক্রয় কোবালা মূলে জনৈক শ্রী কানাই লাল গোস্বামী মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খরিদ সূত্রে উক্ত সম্পত্তির মালিক হইয়া সরকার বাহাদুরের সেরেস্তায় সাবেক নাম খারিজ

(৩য়পাতায় )

মতে বর্তমান এল আর সেটেলমেন্ট রেকর্ডে উক্ত সম্পত্তি নিজ নামে রেকর্ড ভুক্ত করাইয়া যথাযথ খাজনাদি আদায় দিয়া ও স্থানীয় মিউনিসিপ্যালিটিতে সাবেক নাম খারিজ মতে নিজ নাম পত্তনে যথাযথ ট্যাকসাদি আদায় দিয়া নতুন গৃহাদি নির্মানের নক্সা অনুমোদন পূর্বক তদুপরি গৃহাদি নির্মান করত: তথায় অন্যের স্বত্ব সংশ্রব রহিতে ভোগ দখলে কায়েম থাকাকালীন তিনি বিগত ইংরাজী ১৯৮৭ সালে চন্দননগর এ্যাডিশনাল ডি: সাব রেজেষ্ট্রি অফিসে রেজেষ্ট্রিকৃত ১নং বহির ৬ নং ভলুমে ২৯৭ নং হইতে ৩০০ নং পৃষ্ঠায় লিপিবদধ ৩৫০ নং দানপত্র দলিল মূলে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমাকে তাহার কন্যা বিধায় দান করিয়া দিয়া উহা হইতে নি:স্বত্ব ও দখলহীনা হইলে পর আমি দান সূত্রে প্রাপ্ত অত্র সম্পত্তিতে অন্যের স্বত্ব সংশ্রব রহিতে নির্বিবাদে অদ্যাবধি ভোগ দখলে কায়েম আছি।

অত্র দানপত্র গ্রহীতা তুমি আমার সহোদর ভ্রাতা হইতেছ। আমার প্রতি তোমার কর্তব্য পরায়নতায় আমি অতিশয় প্রীত ও সন্তুষ্ট। আমি চাকুরীরতা ও স্বনির্ভরশীলা এবং চাকুরী সূত্রে আমি অন্যত্র বসবাস করি। অত্র সামান্য-তম সম্পত্তিতে আমার কোন প্রয়োজন নাই। কিন্তু অত্র সম্পত্তি তোমার প্রয়োজনে আসিবে সেই বিষয়ে সুচিন্তা করিয়া আমি আমার ভোগ দখলী নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি যাহার আনুমানিক বাজার মূল্য ২,০০,০০০ দুইলক্ষ টাকা হইবে তাহা তোমাকে স্বত:প্রবৃত্ত হইয়া দান করিব মনস্থ করিলে তুমি আমার দান সানন্দে গ্রহন করিতে স্বীকৃত হওয়ায় আমি অদ্যকার তারিখে অত্র শুভ দানপত্র দলিল তোমার

(৪পাতায়)

নাম বরাবর সম্পাদন করত: এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লাভ, লভ্য, হক, হকিয়ৎ, সম্পর্ক ও দখলাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে অত্র শুভ দানপত্র দলিল বলে চির তরে ধ্বংশ বা বিলোপ পাইয়া সম্পূর্ন রূপে তোমাতে বর্তাইল। তুমি অদ্য হইতে অত্র সম্পত্তিতে স্হিত আমার যাবতীয় স্বত্বের ও দখলের মালিক হইয়া তাহাতে যদৃচ্ছা মত ভোগ দখল করত: পুরাতন গৃহাদি মেরামত ও নতুন গৃহাদি নির্মান করত: সরকার বাহাদুরের সেরেস্তায় ও স্হানীয় মিউনিসিপ্যালিটিতে সাবেক নাম খারিজ মতে নিজ নাম পত্তনে যথাযথ খাজনাদি ও ট্যাক্সাদি আদায় দিয়া চেক দাখিলা গ্রহনে প্রয়োজন বোধে দান, বিক্রয়, বন্ধকাদি মায় নানাপ্রকার হস্তান্তর ও রূপান্তর করনের মালিক হইয়া তুমি তোমার পুত্র পৌত্রাদি ওয়ারিশান মায় স্হলাভিষিক্তগন-ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক, তাহাতে কস্মিনকালেও আমি মায় আমার পুত্র পৌত্রাদি ওয়ারিশান মায় স্হলাভিষিক্তগনক্রমে কেহ কোন দিন কোনপ্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা কেহ পারিবেক না। কেহ তাহাকরিলেও তাহা সর্বস্হলে সর্ব আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীলবর্নিত সম্পত্তি আমি সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্হায় তোমাকে দান করিলাম।

এতদর্থে সুস্হ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অদ্যকার তারিখে নিম্ন স্বাক্ষরীত স্বাক্ষীগনের স্বাক্ষাতে অত্র শুভ দানপত্র দলিলে নিজ নাম স্বাক্ষর করত:

( ৫ পাতায় )

অত্র দলিল তোমার নাম বরাবর রেজেষ্ট্রি করিয়া দিলাম এবং অদ্যই দানকৃত সম্পত্তিতে তোমাকে দখলে প্রতিষ্ঠিত করিলাম। ইতি তারিখ বাংলা সন ১৪১০ সালের - ১৮ ই বৈশাখ

ইংরাজী ২০০৩ সালের ২ রা মে

দানকৃত তপশীল সম্পত্তির পরিচয়

জেলা হুগলী, মহকুমা ও এ্যাডিশনাল ডিঃ সাব রেজেষ্ট্রি অফিস চন্দননগর থানা ভদ্রেশ্বরের সামিল চাঁপদানী মিউনিসিপ্যালিটি এলাকা ভুক্ত ৩১৮ বি ১নং তৌজী ভুক্ত রায়ত স্হিতিবান সত্ত্বীয় জে এল ২১ নং গৌরহাটি চাঁপদানী মৌজার সাবেক ২৫৬০, ২৫৬১, ২৬০২ নম্বর খতিয়ান ভুক্ত ও ইজা ২৬০০, ২৬৬৭, ২৬৬৮ নম্বর খতিয়ান ভুক্ত মোট ৩.৮৪৫ সহস্রাংশ জমির বার্ষিক খাজনা ২৭.৮২ পয়সা জমার মধ্যে হাল ২১৫/১ নম্বর অকৃষি খতিয়ান ভুক্ত -

১। একবন্দে সাবেক ২৮৭ দুইশত সাতাশী নম্বর হাল ৪৫৪ চারশত চুয়ান্ন নম্বর দাগ ভুক্ত অত্র সহ দাখিলী নকসায় প্রদর্শিত লাল রঙের বর্ডার লাইন দ্বারা সীমা চিহ্নিত ও নির্দিষ্ট আমার দান সূত্রে প্রাপ্ত বাংলা মাপে ১ এক কাঠা ৮ আট ছটাক বা সেটেলমেণ্ট মাপ দৃষ্টান্তে .০২৫ দশমিক শূন্য পঁচিশ সহস্রাংশ বাস্তু জমি যায় তদুপরিস্হিত ২৪০ বর্গফুট কভার্ড এরিয়া বিশিষ্ট পাকা ছাদ যুক্ত গৃহাদি সহ সম্পত্তি যায় সকলপ্রকার পথ ঘাট ব্যবহারের যাবতীয় ইজমেণ্ট রাইট সত্ত্ব সহ অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

( ৬ পাতায় )

॥ ৬॥

ইহার হারাহারি বার্ষিক খাজনা ১ টাকা হুগলী কালেকটার সাহেব বাহাদুরে সন সন আদায় দিতে হয়।

দানকৃত সম্পত্তির চৌহদ্দিঃ-

উত্তরে- শ্রী-নিবাস সাহা মহাশয়ের সম্পত্তি, দক্ষিনে - উষারানী ঘোষ মহাশয়ার সম্পত্তি, পূর্বে - সাবেক ২৮৮ নং দাগ ভুক্ত সম্পত্তি, পশ্চিমে- উষারানী ঘোষ মহাশয়ার সম্পত্তি ও পথ। এই চৌহদ্দি বেষ্টিত সম্পত্তি অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। অত্র সহ দাখিলী নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

Dilip. Kumar. Ghosh

অত্র দান আমি গ্রহীতা সানন্দে গ্রহন করিলাম।

অত্র দলিল স্ট্যাম্প সহমোট ৬ফর্দে প্রস্তুত ইসাদি ——
হইল এবং ইহাতে ২জন সাক্ষী রহিল।

1) Chandchal Sarkar
Gaurhati

2) Swapan Dey
Bilkuli

ড্রাফটকারক-
Abdul Hamid Mondol.
Advocate.
Chandernagore Court.
Regd. No - F 94/93/96

টাইপকারক
[signature]
চন্দননগর কোর্ট।